কালের কণ্ঠ

তারিখ: 10 JUN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

সাঁতারকুলের উইলসন স্কুল

# বর্ধিত ফি নিয়ে হাইকোর্টের আদেশ বহাল

নিজস্ব প্রতিবেদক ▷

রাজধানীর সাঁতারকুলের স্যার জন উইলসন স্কুলের শিক্ষার্থীদের কাছ থেকে ২০১৬-১৭ শিক্ষবর্ষের টার্ম চার্জ, সেশন ও বর্ধিত টিউশন ফিসহ অন্যান্য ফি আদায় করা থেকে বিরত থাকতে হাইকোর্টের দেওয়া আদেশ বহাল রেখেছেন আপিল বিভাগের চেম্বার বিচারপতি মির্জা হোসেইন হায়দার। হাইকোর্টের আদেশ স্থগিত করতে ওই বিদ্যালয়ের অধ্যক্ষের করা আবেদনে তিনি 'নো অর্ডার' বলে আদেশ দেন। তবে বিষয়টি আগামী ১ সেপ্টেম্বর আপিল বিভাগের নিয়মিত বেঞ্চে শুনানির জন্য দিন ধার্য করা হয়েছে।

বর্ধিত ফি ধার্যের বৈধতা চ্যালেঞ্জ করে ৩৩ জন অভিভাবকের করা এক রিট আবেদনের প্রাথমিক শুনানি শেষে গত ৩০ মে হাইকোর্ট স্থগিতাদেশ দেন। একই সঙ্গে রুল জারি করেন। রুলে ওই শিক্ষাপ্রতিষ্ঠানকে বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন নীতিমালা-২০০৭-এর আওতায় আনতে কেন নির্দেশ দেওয়া হবে না তা জানতে চাওয়া হয়।

শিক্ষাসচিব, প্রাথমিক ও গণশিক্ষা সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক, শিক্ষাপ্রতিষ্ঠানটির অধ্যক্ষ ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যানকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়। এ রুল বিচারাধীন থাকা অবস্থায় শিক্ষার্থীদের কাছ থেকে (২০১৬-১৭ শিক্ষাবর্ষ) টার্ম চার্জ, সেশন ও বর্ধিত টিউশন ফিসহ অন্যান্য ফি আদায় করা থেকে বিরত থাকতে নির্দেশ দেন হাইকোর্ট। এই আদেশ স্থগিত চেয়ে স্যার জন উইলসন স্কুলের অধ্যক্ষ আবেদন (লিভ টু আপিল) করেন।

গতকাল বৃহস্পতিবার আপিল বিভাগের চেম্বার বিচারপতির আদালতে শুনানিতে স্কুলের অধ্যক্ষের পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট আবদুর রব চৌধুরী। অন্যদিকে রিট আবেদনকারীদের পক্ষে শুনানি করেন ব্যারিস্টার অনীন আর হক।